

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৩৬

তারিখ: ৯ মাঘ ১৪৩০

২৩ জানুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-১৪২২৪/২০২৩ এবং ১২৩৫০/২০২৩) পরিচালনা।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন/জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে বিদ্যালয় পরিচালনার দায়িত্ব প্রদান সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংস্কৃত হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১	১৪২২৪/২০২৩	রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলাধীন ‘আমতলী উচ্চ বিদ্যালয়’ এর ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত।	জনাব মো: দেলোয়ার হোসেন, ভোটার (অভিভাবক ক্যাটাগরি), ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৩, আমতলী উচ্চ বিদ্যালয়, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রামসহ মোট ০৭ (সাত) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
২	১২৩৫০/২০২৩	মহামান্য হাইকোর্ট কর্তৃক অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, চট্টগ্রাম-এর এডহক কমিটির কার্যকারিতা ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করায় বর্তমানে বিদ্যালয়ের অত্যাবশ্যকীয় কার্যাবলি জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে পরিচালনার দায়িত্ব প্রদান সংক্রান্ত।	জনাব আ.জ. ম. নাসির উদ্দিন, সভাপতি, গভর্নিংবডি, অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, চট্টগ্রাম।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রামসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৪২২৪/২০২৩ এবং ১২৩৫০/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার

জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২৩-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যান দপ্তর


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৩৬/১(৩)

তারিখ: ৯ মাঘ ১৪৩০  
২৩ জানুয়ারি ২০২৪

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২৩-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব